যুগান্তর

তারিখ ... AUG 11 2006 ...
পৃষ্ঠা ১১ কলাম ৪

# বিভিন্ন কলেজে নবীনবরণ অনুষ্ঠানে ছাত্রদল-ছাত্রলীগের সংঘর্ষ

## • পুলিশসহ আহত ৩৩

যুগান্তর ডেস্ক

গতকাল দেশের বিভিন্ন কলেজে একাদশ শ্রেণীতে ভর্তি হওয়া নবাগত ছাত্রছাত্রীদের নিয়ে আয়োজিত নবীনবরণ অনুষ্ঠানকে কেন্দ্র করে ছাত্রদল, ছাত্রলীগ ও ছাত্রশিবিরের হামলা-সংঘর্ষে ২ পুলিশসহ অন্তত ৩৩ জন ছাত্রছাত্রী আহত হয়েছে। যুগান্তর প্রতিনিধিদের পাঠানো খবর—

**বরগুনা :** বরগুনা সরকারি কলেজে একাদশ শ্রেণীর ক্লাস শুরুর প্রথম দিন বৃহস্পতিবার সকালে ছাত্রদলের হামলায় পুলিশসহ ৬ জন আহত হয়েছে। গুরুতর আহত দু'জনকে বরগুনা জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে।

**গুরুদাসপুর (নাটোর) :** গুরুদাসপুর বিলচলন শহীদ সামসুজ্জোহা কলেজে ছাত্রদল ও ছাত্রলীগের মধ্যে সংঘর্ষ, ধাওয়া-পাল্টাধাওয়ায় উভয় পক্ষের অন্তত ১০ জন আহত হয়েছে। এ ঘটনায় কলেজ কর্তৃপক্ষ গতকাল কলেজ বন্ধ ঘোষণা করেন। গতকাল বেলা ১১টার দিকে ওই কলেজের নবাগত ছাত্রছাত্রীদের নবীনবরণ অনুষ্ঠান চলছিল। এ সময় ছাত্রলীগ কলেজ শাখার নেতারা কলেজ অধ্যক্ষের পক্ষপাতিত্বের অভিযোগ এনে প্রতিবাদ করতে গেলে উপস্থিত ছাত্রদল কলেজ শাখার সভাপতি ইসরাফিল শেখ তার সহযোগীদের নিয়ে ছাত্রলীগের নেতাকর্মীদের ওপর হামলা চালায়। এতে ছাত্রলীগের সবুজ ও আশরাফ শেখ আহত হয়। এ খবর ছড়িয়ে পড়লে উভয় পক্ষের মধ্যে সংঘর্ষ ছড়িয়ে পড়ে। পণ্ড হয়ে যায় নবীনবরণ অনুষ্ঠান।

**পাথরঘাটা (বরগুনা) :** পাথরঘাটা ডিগ্রি কলেজের এইচএসসি প্রথম বর্ষের (নতুন ভর্তিকৃত) ছাত্রছাত্রীদের ক্লাস শুরুর দিন তাদের বরণে ছাত্রলীগের মিছিলে ছাত্রদলের কর্মীরা হামলা চালিয়েছে। এতে ছাত্রলীগের ৪ জন আহত হয়েছে। বৃহস্পতিবার বেলা পৌনে ১১টার দিকে কলেজ ক্যাম্পাসে এ ঘটনা ঘটে।

গতকাল পাথরঘাটা কলেজ ক্যাম্পাসে সকাল সাড়ে নয়টা থেকে সোয়া দশটা পর্যন্ত নবীন ছাত্রছাত্রীদের দলীয় শুভেচ্ছা জানাতে ছাত্রদল কর্মীরা মিছিল বের করে। এরপর ছাত্রলীগ কর্মীরা শুভেচ্ছা মিছিল বের করলে ছাত্রদলের কর্মীরা হামলা চালায়। এতে ছাত্রলীগের চারজন কর্মী আহত হয়। আহতরা হচ্ছে ইব্রাহিম (১৮), সাইফুল (২২), আনোয়ার (২০) ও ইমরান (২১)।

**স্বরূপকাঠি :** স্বরূপকাঠিতে হামলা ও সংঘর্ষের

ছাত্রদল-ছাত্রলীগের হামলা-সংঘর্ষে পুলিশসহ উভয় পক্ষের ১৩ জন আহত হয়েছে। বৃহস্পতিবার সকালে ওই কলেজ দুটির পক্ষ থেকে একাদশ শ্রেণীর নবাগত ছাত্রছাত্রীদের বরণ উপলক্ষে অনুষ্ঠানের আয়োজন করা হয়। ছাত্রদল ও ছাত্রলীগের পক্ষ থেকে নবীনদের ফুল ও লিফলেট দিয়ে স্ব স্ব সংগঠনে আকৃষ্ট করার লক্ষ্যে শুভেচ্ছা জানানোর জন্য কলেজ ক্যাম্পাসে জড়ো হয়। শহীদ স্মৃতি কলেজে সকাল থেকে উত্তেজনা দেখা দেয়। এ পরিস্থিতিতে কলেজ অধ্যক্ষ মোঃ শাহ আলম উভয় সংগঠনের নেতৃবৃন্দকে নিয়ে সমঝোতায় উপনীত হন। পরে অনুষ্ঠান শুরু করে ছাত্রছাত্রীদের উদ্দেশে অধ্যক্ষের বক্তব্য শেষে ছাত্রদলের পক্ষে উপজেলা সম্পাদক কাজী কামাল বক্তৃতা করেন। বক্তব্য শেষে ছাত্রদল মিছিলসহকারে ক্যাম্পাস ত্যাগ করে। এরপর উপজেলা ছাত্রলীগের সম্পাদক আমিনুল ইসলাম লিয়ন বক্তৃতা শুরু করেন। এ সময় ছাত্রদল আবার মিছিল নিয়ে ক্যাম্পাসে ফিরে এসে ছাত্রলীগ হলের মধ্যে স্লোগান দিয়েছে ছুঁতো ধরে হল ত্যাগের জন্য চিৎকার শুরু করে। এরপর ছাত্রলীগের কর্মীরা মিছিলসহকারে ক্যাম্পাস ত্যাগ করতে গেলে অপরদিক থেকে ছাত্রদল তাদের ওপর হামলা চালালে দু'পক্ষের মধ্যে সংঘর্ষ বেধে যায়।

**কমলগঞ্জ :** একাদশ শ্রেণীতে ভর্তিকৃত ছাত্রছাত্রীদের দলে ভেড়ানোকে কেন্দ্র করে বৃহস্পতিবার কমলগঞ্জ ডিগ্রি কলেজে ছাত্রলীগ-ছাত্রশিবিরের মধ্যে ধাওয়া-পাল্টাধাওয়া হয়েছে। হামলা চালিয়ে ব্যাপক ভাংচুর করা হয়েছে কলেজের একাদশ শ্রেণীর বিজ্ঞান বিভাগের ক্লাস রুম। এ সময় ক্যাম্পাসে চরম উত্তেজনা দেখা দিলে পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।